

ওরা কাজ করে

ওৱা কাজ কৰে

ছন্দা চট্টোপাধ্যায়



ORA KAJ KORE
By Chhanda Chattopadhyay

First Published
January, 2026

ISBN 978-81-7572-139-5

গ্রন্থসত্ত্ব : লেখক

Price ₹ 150

প্রথম প্রকাশ
জানুয়ারি ২০২৬

দাম ₹ ১৫০

প্রচ্ছদ আর্ট ক্রিয়েশন

পুনশ্চ, ১১৪ এন, ডা. এস. সি. ব্যানার্জি রোড, কলকাতা - ৭০০ ০১০
থেকে সন্দীপ নায়ক কর্তৃক প্রকাশিত এবং শিবানী প্রিন্টিং ১৭এ, স্যার
গুরুদাস রোড, কলকাতা - ৭০০ ০৫৪ থেকে মুদ্রিত

ফোন - ৮৯১০২৮৩৪৪৮

Email: punaschabooks@gmail.com

Web: www.punaschabooks.com

উৎসর্গ

শিশু সাহিত্যিক

কাজী মুরশিদুল আরাফিন

আমাদের দেশের বিপুল জনসংখ্যার গরিষ্ঠ অংশ অসংগঠিত বা unorganised sector-এ কাজ করে। এর বড়ো কারণ অশিক্ষা এবং দারিদ্র। এই সেক্টরে যারা কাজ করে, তাদের একটা বড়ো অংশ গৃহকর্ম সহায়ক বা বাড়ির কাজের লোক— আগে যাদের দাস—দাসী বা চাকর-চাকরানি বলা হত। এদের ছাড়া সমাজ-সংসার অচল। অথচ এরা এদের প্রাপ্য মর্যাদা পায় না। শিক্ষার আলো পায় না বলে এদের সুরক্ষার জন্য যেসব সরকারি আইন আছে, তার খবর এরা জানে না। কেউ কেউ জানলেও সেই আইন কীভাবে নিজেদের সুরক্ষার কাজে ব্যবহার করতে হয় তা জানে না। এ ছাড়া দারিদ্রের জন্য হয়তো টাকাপয়সা খরচ করতে হবে ভেবে পিছিয়ে যায়। এদের কোনো বাঁধাধরা মাইনে নেই, মেডিক্যাল ইন্সুরেন্স নেই, বোনাস নেই, নির্দিষ্ট ছুটি নেই, চাকরির সুরক্ষা নেই। সবকিছুই নির্ধারিত হয় বাড়ির মালিকের ইচ্ছা-অনিচ্ছায়। সেই কারণে এদের নিজেদের কাজের প্রতি কোনো দায়বদ্ধতা নেই। নিজের শ্রমের প্রতি শ্রদ্ধা নেই। আমার দীর্ঘ পারিবারিক জীবনে বিভিন্ন স্থান-কাল-পরিস্থিতিতে স্ত্রী-পুরুষ নির্বিশেষে নানান বয়সের কাজের লোকের সংস্পর্শে আসার সুযোগ হয়েছে। যা দেখেছি, যা শুনেছি এবং যা বুঝেছি, যেসব ঘটনা বিশেষভাবে মনে রেখাপাত করেছে, তাই নিয়ে লিখতে বসেছি... কাজের লোক।

গ্রামাঞ্চলের সাধারণ মধ্যবিত্ত পরিবারেও দেখেছি একটা অন্তত কাজের লোক থাকে। আমাদের বাড়িতেও একজন মহিলা ঘর ঝাঁট দেওয়া, ঘর মোছা, বাসন, মাজা করে দিয়ে যেত। বেলায় একটা